"শেখ হাসিনার দর্শন,
সব মানুষের উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিসিএসআইআর ক্যাম্পাস,ধানমন্ডি, ঢাকা
Web: www.bstft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.২৫.০১৮.১৮-৭৬৩

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬
০৪ সেপ্টেম্বর ২০১৯

# আদেশ

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন "বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট" এর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে দেশে-বিদেশে নিম্নবর্ণিত ছাত্রছাত্রী/গবেষকগণকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত বিশ্ববিদ্যালয়সমূহে পিএইচডি (দেশে ও বিদেশে), এম. এস (বিদেশে) এবং পিএইচডি উত্তর (দেশে) কোর্স সম্পন্ন করার জন্য নিম্নেবর্ণিত শর্তে ফেলোশিপ প্রদান করা হলো ঃ

২। ফেলোশিপ প্রাপ্তদের তালিকা:

(ক) পিএইচডি কোর্স (দেশে)

| SL No. | Name & Designation | University (Proposed for Study) | Field of Study | Fellowship/ Course Start |
|---|---|---|---|---|
| 1 | Sk. Farzana Islam, Fish Inspection and Quality Control Officer, Quality Control Laboratory, Department of Fisheries, Dhaka. | University of Dhaka | Fisheries | October 2019 |
| 2 | Marina Jabunnaher Additional Deputy Director (L.R) Department of Agricultural Extension, Khamarbari, Dhaka. | Sher-e-Bangla Agricultural University | Entomology | January 2020 |
| 3 | Subrina Sehrin, Assistant Professor, Dep of Zoology, Jagannath University,Dhaka | Dhaka University | Zoology | September 2019 |
| 4 | S. M. Abdullah Al Mamun Associate proffer Agrotechnology Discipline, Khulna University | Khulna University | Genetics and Plant Breeding | September 2019 |
| 5 | Shifat Ara, Senior Instructor, Agriculture Training Institute, Faridpur | Bangabandhu Sheikh Mujibur Rahman Science & Technology University, Gopalganj | Agriculture | September 2019 |

(খ) পিএইচডি কোর্স (বিদেশে)

| SL No. | Name & designation | University (Proposed for Study) | Field of study | Fellowship/ Course Start |
|---|---|---|---|---|
| 1 | Kazi Sabrina Rahman Assistant Professor Jagannath University | University of Nottingham, UK | Physics | October 2019 |
| 2 | Sayeda Sabrina Ali Lecturer Barishal University | Queen's University Belfast, UK | Biological Science | October 2019 |
| 3 | Mehrab Chowdhury, Assistant Professor, Jagannath University | University of Nottingham, UK | Life Science | February 2020 |
| 4 | Sadia Afrin Research Officer | University of Sydney, Australia | Health & Nutrition | November 2019 |

| | | | | |
|---|---|---|---|---|
| | Nutritional Biochemistry Laboratory, ICDDRB | | | |
| 5 | Md. Shemul Sheikh<br>Assistant professor<br>MVSTU | Erasmus University Rotterdam, Netherlands | Urban Development | September 2019 |
| 6 | Muhammad Nuzmul Hoque<br>Senior Assistant chief<br>Science and Technology Ministry | University of Bradford, UK | Climate Change and Sustainable Development | September 2019 |
| 7 | Moushumi Purkayastha<br>Associate Professor<br>SAU | University of Tubingen, Germany | Microbial Genetics | November 2019 |
| 8 | Md. Nazmul Hossain,<br>Asst. Professor,<br>Dept. of Microbial Biotechnology, Faculty of BGE<br>Sylhet Agricultural University | University of Birmingham, UK | Bioscience | September 2019 |
| 9 | Gazlima Chowdhury, Lecturer, Dept. of Aquatic Environment and Resource Management, SAU, Dhaka | Saitama University, Japan | Biology | October 2019 |
| 10 | Ruhul Amin, SSO, BCSIR, Rajshahi | University of Sydney, Australia | Physiology | October 2019 |

**(গ) এম এস (বিদেশ)**

| SL. No. | Name & designation | University (Proposed for Study) | Field of study | Fellowship/ Course Start |
|---|---|---|---|---|
| 1 | Md. Tanvir Hasan, Senior Engineer, Nuclear Safety & Security Division, BAERA, Dhaka. | University of Cambridge, UK | Nuclear Energy | October 2019 |
| 2 | H. M. Syeed Uddin, House No. 2/1. Mohishakundu, Jhinaidaha Sadar, 7300 | University Of Manchester, UK | Medical Microbiology | September 2019 |
| 3 | Nafis Imteaz<br>Medical Officer (BCS-Health), Directorate General of Health Services,<br>Ministry of Health and Family welfare | Glasgow Caledonian University, UK | Diabetes Care | September 2019 |

৩। শর্তাবলী:

১. এ ফেলোশিপ পিএইচডি কোর্সে সর্বোচ্চ ৪ (চার) বছর, এমএস কোর্সে সর্বোচ্চ ২ (দুই) বছর এবং পিএইচডি উত্তর কোর্সে সর্বোচ্চ ১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে।

২. **ফেলোশিপের ভাতার হার:** এমএস/সমমান, ডক্টরাল এবং পোস্ট ডক্টরাল সকল শ্রেণির ফেলোগণের নিম্নবর্ণিত হারে মাসিক ও এককালীন ভাতা প্রদান করা হবে।

**(ক) লিভিং এলাউন্স (মাসিক):** বিদেশে (জাপান, অস্ট্রেলিয়া ও ইউরোপ এর দেশ সমূহ) অধ্যয়নের ক্ষেত্রে ১,২০,০০০ টাকা ও অন্যান্য দেশে ৬৫,০০০ টাকা এবং দেশে অধ্যয়নের ক্ষেত্রে (ডক্টরাল ৪০,০০০ টাকা, পোস্ট ডক্টরাল ৪৫,০০০ টাকা);

**(খ) টিউশন ফি:** বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউট নির্ধারিত রেটে প্রকৃত টিউশন ফি;

**(গ) বইপুস্তক ক্রয় (এককালীন):** বইপুস্তক ক্রয় বাবদ বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে ৬০,০০০ টাকা এবং দেশে অধ্যয়নের ক্ষেত্রে ৩০,০০০ টাকা।

**(ঘ) থিসিস ফি (এককালীন):** বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে থিসিস ফি বাবদ ৫০,০০০ টাকা এবং দেশে অধ্যয়নের ক্ষেত্রে ২৫,০০০ টাকা;

(ঙ) বিমান ভাড়া, **স্বাস্থ্য বীমা ও ভিসা ফি:** বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে ফেলোগণের জন্য প্রকৃত বিমান ভাড়া (ইকোনমি ক্লাশে একবার যাতায়াত), স্বাস্থ্য বীমা ও ভিসা ফি প্রদান করা হবে;

(চ) বিদেশে ডক্টরাল ফেলোশিপের মেয়াদ সর্বোচ্চ ৪ (চাঁর) বছর হওয়ায় ২ (দুই) বছর সফল সমাপ্তির পর আরও একবার আসা-যাওয়ার বিমান ভাড়া প্রদান করা হবে;

(ছ) সেমিনার আয়োজন ও থিসিস পেপার উপস্থাপনের জন্য এককালীন বিদেশে ৭৫,০০০ টাকা এবং দেশে ৩০,০০০ টাকা;

৩. বিদেশি বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি বিশ্ববিদ্যালয়ের সিডিউল অনুসারে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের একাউন্টে বৈদেশিক মুদ্রায় প্রেরণ করা হবে।

৪. লিভিং এলাউন্স শিক্ষার্থীর সংশ্লিষ্ট দেশে অবস্থিত তার ব্যাংক একাউন্টে সরাসরি বৈদেশিক মুদ্রায় ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরণ করা হবে। তবে প্রথম (৩ মাস) লিভিং এলাউন্স,বিমান ভাড়া, ভিসা ফি, বইপুস্তক ক্রয় খরচ, স্বাস্থ্য বীমা বিদেশে গমনের প্রাক্কালে চেকের মাধ্যমে সরাসরি প্রদান করা হবে।

৫. বিদেশি ফেলোগণকে "ব্যাংক এশিয়া লিমিটেড, মতিঝিল, ঢাকা শাখায়" একটি Student File খুলতে হবে।

৬. বিদেশি ফেলোগণকে যাত্রার পূর্বে শুধু যাওয়ার ইকোনমি ক্লাসের টিকিটের ভাড়া প্রদান করা হবে এবং ক্লাস শুরুর তারিখ হতে লিভিং এলাউন্স প্রদান করা হবে।

৭. ফেলোগণকে অবশ্যই ভ্রমনে বাংলাদেশ বিমান ব্যবহার করতে হবে। তবে সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ বিমান এর রুট না থাকলে বা খরচ কম হলে বিকল্প এয়ারলাইনস ব্যবহার করা যাবে।

৮. ফেলোগণকে বিদেশে পৌছার ১৫ দিনের মধ্যে তার নাম ঠিকানা সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসে লিপবদ্ধ করতে হবে এবং তা বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টকে অবহিত করতে হবে।

৯. ফেলোগণকে বিমান ভাড়া এবং বইপুস্তক ক্রয় এর প্রমানাদি (টিকেটের কপি, ক্যাশ মেমো) ইত্যাদি ট্রাস্টের কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং প্রদত্ত কাগজপত্র যাচাইয়ের পর পরবর্তী কিস্তির অর্থ প্রদান করা হবে।

১০. ফেলোগণকে প্রতি **৬ মাস অন্তর** তার শিক্ষার অগ্রগতির প্রতিবেদন ট্রাস্টের কার্যালয়ে প্রেরণ করতে হবে, যা পরবর্তী সময়ের অর্থ বরাদ্দের জন্য বিবেচনায় আনা হবে।

১১. ফেলোগণকে শিক্ষা সম্পন্ন করার ৩০ দিনের মধ্যে অবশ্যই একটি প্রতিবেদন ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১২. চাকুরীরত শিক্ষার্থীগণ স্ব-স্ব প্রতিষ্ঠান হতে বিধি মোতাবেক ছুটি গ্রহণ করবেন এবং তা ট্রাস্টকে অবহিত করবেন।

১৩. উপর্যুক্ত শর্তসমূহ লংঘন করা হলে ফেলোগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনসহ অর্থ আদায়ের আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

মুহাম্মদ আকবর হুসাইন (অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.২৫.০১৮.১৮-৭৬৩ (১-৭)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬ / ০৪ সেপ্টেম্বর ২০১৯

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১. **মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস: যুক্তরাজ্য, জাপান, জার্মানী, নেদারল্যান্ড, অস্ট্রেলিয়া।**
২. **মাননীয় মন্ত্রীর একান্ত সচিব,** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. **সচিবের একান্ত সচিব,** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. **সিনিয়ন সহকারী সচিব, অধিশাখা-৩৫,** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. **প্রোগ্রামার,** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জনাব ........................................................................
৭. অফিস কপি।

মুহাম্মদ আকবর হুসাইন (অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট